যুগান্তর

12 JUN 2003
পৃষ্ঠা ২০ কলাম

# ফলাফল বিপর্যয় : নরসিংদীর ২৩ শিক্ষা প্রতিষ্ঠানকে নোটিশ

বিশ্বজিৎ সাহা, *নরসিংদী থেকে*

ফলাফল বিপর্যয়ের কারণ দর্শানোর জন্য বোর্ড মনোহরদীর ১৪টি শিক্ষা প্রতিষ্ঠানসহ নরসিংদীর ৫টি উপজেলার ২৩টি প্রতিষ্ঠানকে নোটিশ জারি করেছে। আগামীতে শিক্ষার মান বৃদ্ধি ও ফলাফল সন্তোষজনক না হলে এসব প্রতিষ্ঠানগুলোর এমপিও বাতিল করা হবে বলেও সতর্ক করা হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, তালিকাভুক্ত স্কুল মাদ্রাসাগুলোর মধ্যে মনোহরদীতে ১৪টি, পলাশে ৪টি, শিবপুরে ২টি, রায়পুরায় ১টি ও বেলাবতে ২টি।

মনোহরদী উপজেলায় ১৪টি শিক্ষা প্রতিষ্ঠান হল বাহেরনিয়ামত কারিগরি মহাবিদ্যালয়, লেবুতলা বালিকা বিদ্যালয়, চন্দনবাড়ি এমএ পাইলট উচ্চ বিদ্যালয়, কোচের চর মুকন্দন আলী বালিকা উচ্চ বিদ্যালয়, আসাদনগর ফাজিল মাদ্রাসা, দশদোনা ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ধরাবান্ধা ফাজিল মাদ্রাসা, শেখেরগাঁও জেইউ ফাজিল মাদ্রাসা, বড়চাপা বহুমুখী ইসলামিয়া আলিম মাদ্রাসা, ভাতারদি মধ্যবাড়ি বালিকা আলিম মাদ্রাসা, সররাবাদ খান আলিম মাদ্রাসা, চরসাগরদী আলিম মাদ্রাসা, তারাকান্দি টিকিউএইচ দাখিল মাদ্রাসা ও কৃষ্ণপুর বহুমুখী দাখিল মাদ্রাসা।

পলাশ উপজেলার ৪টি প্রতিষ্ঠান হল- চলনা দারুল উলুম ফাজিল মাদ্রাসা, খিলপাড়া দারুল উলুম আলিম মাদ্রাসা, বুদি মোহাম্মদ মাধ্যমিক উচ্চ বালিকা বিদ্যালয় ও পলাশ ইসলামিয়া আলিম মাদ্রাসা।

শিবপুর প্রতিষ্ঠান ২টি হল নোয়াদিয়া বৈশাখালী দারুল উলুম ফাজিল মাদ্রাসা ও মির্জারচর সিনিয়র মাদ্রাসা।

বেলাব উপজেলার প্রতিষ্ঠান ২টি হচ্ছে দক্ষিণ বটেশ্বর সবুজপল্লী দাখিল মাদ্রাসা এবং বেলাব বালিকা উচ্চ বিদ্যালয়।

রায়পুরায় একমাত্র শিক্ষা প্রতিষ্ঠানটি হল সৈয়দপুর ফাজিল মাদ্রাসা।

জানা গেছে, তালিকাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রায় সহস্রাধিক ছাত্রছাত্রীর মধ্যে কেউ বিগত এসএসসি ও দাখিল পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি।